



জুলাই সনদ স্বাক্ষর অনুষ্ঠানে উত্তেজনা, ফটক ভেঙে মঞ্চে জুলাই যোদ্ধারা



সংগৃহীত ছবি

আজ শুক্রবার (১৭ অক্টোবর) সাড়ে দশটার দিকে জুলাই যোদ্ধারা সংসদ ভবনের ফটক ভেঙে মঞ্চের সামনে অবস্থান নেন। তারা চেয়ারগুলোতে বসে শান্তিপূর্ণভাবে তাদের দাবি উত্থাপন করেন। জুলাই যোদ্ধাদের মূল দাবি তিনটি— জুলাই সনদে সংশোধনী আনা, সনদকে সংবিধানে স্থায়ীভাবে অন্তর্ভুক্ত করা এবং জুলাই যোদ্ধাদের স্বীকৃতি দেওয়া।

গতকাল রাত থেকেই তারা সংসদ ভবনের মূল ফটকের বাইরে অবস্থান নিয়ে আন্দোলন চালাচ্ছিল। মঞ্চে পৌঁছানোর পর একজন প্রতিনিধি মাইক হাতে তাদের শান্ত থাকার অনুরোধ করেন। খবর পেয়ে পুলিশের একাধিক টিম ঘটনাস্থলে সতর্ক অবস্থান নেয়।

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা, জাতীয় ঐকমত্য কমিশন এবং ৩০টি রাজনৈতিক দলের প্রতিনিধি অনুষ্ঠানেই সনদে স্বাক্ষর করবেন। তবে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) অংশগ্রহণ থেকে বিরত থাকার ঘোষণা দিয়েছে। দলটি জানিয়েছে, আইনি ভিত্তি ছাড়া এবং যথাযথ আদেশের নিশ্চয়তা ছাড়া সনদে স্বাক্ষর করলে তা মূল্যহীন হবে।

ঐকমত্য কমিশন আশা করছে, সব দল আজ বা পরেও সনদে স্বাক্ষর করবে। কমিশনের মেয়াদ শেষ হওয়ার (৩১ অক্টোবর) মধ্যে তারা অন্তর্বর্তী সরকারের কাছে জুলাই সনদ বাস্তবায়নের পূর্ণাঙ্গ সুপারিশ উপস্থাপন করবেন। তবে জুলাই যোদ্ধাদের অনড় অবস্থানের কারণে জনমনে প্রশ্ন উঠেছে, অনুষ্ঠানটি কি সফলভাবে সম্পন্ন হবে কি না।